গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালচনা সভা (জানুয়ারি-মার্চ ২০২৫), কুড়িগ্রাম জেলা -এর কার্যবিবরণী**

সভাপতি : জনাব নিতাই চন্দ্র দে সরকার, প্রকল্প সমন্বয়ক ও পরিচালক (এমআইএম, চ.দা.), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

প্রধান অতিথি : জনাব রেজওয়ানুর রহমান, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

তারিখ : ১৭-০৪-২০২৫ খ্রি.

সময় : বেলা ০৩.০০ – বিকাল ৫:০০ টা

স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।

উপস্থিতি: তালিকা সংযুক্ত।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরিচিতি পর্ব শেষে তিনি প্রকল্পের কার্যক্রমসমূহের সংক্ষিপ্ত বর্ণনা, অগ্রগতি, অর্জিত মাইলফলক ও ভবিষ্যত পরিকল্পনা সংক্ষেপে তুলে ধরেন এবং প্রকল্পের সার্বিক ও ত্রৈমাসিক অগ্রগতি বিষয়ে মূল উপস্থাপনার জন্য প্রোগ্রাম ম্যানেজারকে আহবান জানান। অতঃপর, প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত ডিএমসি পোর্টাল ও কিয়স্ক অ্যাপ্লিকেশনের ডেমনস্ট্রেশন উপস্থাপন করেন জি আই এস স্পেশালিস্ট। প্রধান অতিথির বক্তব্যে জনাব রেজওয়ানুর রহমান, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, সকলের সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে এগিয়ে নিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের সার্বিক অগ্রগতি | এ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকে প্রকল্পের অগ্রগতি ও কুড়িগ্রাম জেলার অগ্রগতি উপস্থাপন করা হয়। | কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | কিয়স্ক ড্যাশবোর্ড সক্রিয় রাখা | কুড়িগ্রাম সদর ও রাজারহাট উপজেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণ জানান, কিছু কারিগরি সীমাবদ্ধতার কারণে উক্ত উপজেলাগুলোর কিয়স্ক ড্যাশবোর্ড নিষ্ক্রিয় রয়েছে।<br>এছাড়া বন্যায় কৃষি পরামর্শ সম্বলিত বিষয় কিয়স্ক ড্যাশবোর্ডে যুক্ত করার বিষয়ে আলোচনা হয়। | ক) রাজারহাট ও কুড়িগ্রাম সদরসহ সকল উপজেলায় প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করে কিয়স্ক সংক্রান্ত সমস্যা দ্রুত সমাধান করতে হবে।<br>খ) বন্যায় কৃষি পরামর্শ সম্বলিত স্লাইড কিয়স্ক অ্যাপ্লিকেশনে যুক্ত করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট ও ফিল্ড ফ্যাসিলিটেটর |
| ০৩। | ডিজিটাল এলিভেশন ডাটা | বিভিন্ন স্থানে নতুন করে বাঁধ নির্মাণ বা পূর্ববর্তী বাঁধসমূহ ক্ষতিগ্রস্ত হলে ডিজিটাল এলিভেশন মডেল ডাটা সে অনুযায়ী হালনাগাদ করা সম্ভব কিনা সে বিষয়ে পানি | ভবিষ্যতে ভূমিরূপের উল্লেখযোগ্য পরিবর্তন ঘটলে FABDEM-এর আপডেটেড সংস্করণ ব্যবহার করে | রাইমস ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | হালনাগাদ করণ | উন্নয়ন বোর্ডের কর্মকর্তা সভায় আলোচনা করেন।<br>ডিজিটাল এলিভেশন মডেল ডাটাতে LiDAR ড্রোনের মাধ্যমে সংগৃহীত টপোগ্রাফিক ডাটার পাশাপাশি FABDEM-এর ডাটা ব্যবহৃত হয়েছে। ভবিষ্যতে ভূমিরূপের উল্লেখযোগ্য পরিবর্তন ঘটলে FABDEM-এর আপডেটেড সংস্করণ ব্যবহার করে ডিজিটাল এলিভেশন মডেল ডাটা হালনাগাদ করা সম্ভব। | ডিজিটাল এলিভেশন মডেল ডাটা হালনাগাদ করা যেতে পারে। | |
| ০৪। | বিবিধ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি এই প্রকল্পের সঙ্গে অত্র অধিদপ্তরের সমন্বয়ের গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন, তাপপ্রবাহ ও বজ্রপাতের আগাম সতর্কবার্তা কৃষি ও প্রাণীসম্পদ সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। প্রকল্প সমন্বয়ক জানান, ইতোমধ্যে মৌসুমী বন্যার জন্য Early Action Protocol প্রণীত হয়েছে। আকস্মিক বন্যার ক্ষেত্রেও প্রোটোকল প্রস্তুতের কার্যক্রম চলমান। এছাড়াও বজ্রপাতের আগাম সতর্কবার্তা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর একটি পাইলট প্রকল্প বাস্তবায়ন করছে। | | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৭৬(ক) তারিখ: ২০-০৫-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।
৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুড়িগ্রাম।
৬। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম।
৭। উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম।
৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুড়িগ্রাম।
৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।
১০।উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম।
১১। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।

১২। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৪। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৫। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৬। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৭। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৮। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৯। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২০। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২১। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২২। অফিস কপি/গার্ড ফাইল।

20/05/2025

(মোহাম্মদ হাফিজুর রহমান)
উপ-প্রকল্প সমন্বয়ক
ও
সহকারি পরিচালক (জিআইএস/আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট